দৈনিক ইত্তেফাক

তারিখ 22 APR 1987
পৃষ্ঠা ১ কলাম ৪

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৭

## অধ্যাপক মফিজের নেতৃত্বে জাতীয় শিক্ষা কমিশন

বাসস জানায়, সরকার বিশিষ্ট শিক্ষাবিদ ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস চান্সেলর অধ্যাপক মফিজউদ্দিন আহমেদকে চেয়ারম্যান করিয়া ২৯-সদস্যের একটি উচ্চক্ষমতাসম্পন্ন জাতীয় শিক্ষা কমিশন গঠন করিয়াছেন। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কমিশনের সদস্য সচিব হিসাবে কাজ করিবেন।

কমিশন অবিলম্বে কাজ শুরু (শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## জাতীয় শিক্ষা কমিশন

(১ম পৃঃ পর)

করিবে এবং চলতি বছরের ২২শে জুলাইয়ের মধ্যে রিপোর্ট পেশ করিবে। রিপোর্টে প্রাথমিক, মাধ্যমিক, মাদ্রাসা, কারিগরি, কৃষি, মেডিক্যাল, কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষার উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণের জন্য সুপারিশ থাকিবে।

গতকাল (মঙ্গলবার) রাতে কমিশন ঘোষণা করিয়া শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেন যে, আমাদের শিক্ষা ব্যবস্থা কিভাবে সুসমন্বিত ও সংহত করা যায় এব সকলের কল্যাণে আনা যায়, কমিশন সে ব্যাপারেও পরামর্শ দিবে।